জীবননগরে শিশুদের মাঝে ঈদের নতুন পোশাক বিতরণ

জীবননগরে অসহায় দরিদ্র শিশুদের মাঝে ঈদের নতুন পোশাক বিতরণ করা হয়েছে।

বুধবার বিকাল ৪টার সময় সেচ্ছাসেবী সংগঠন এফ.এস.ডি.ও এর উদ্যোগে জীবননগর উপজেলার উথলী গ্রামে এ ঈদ পোশাক বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন এফ.এস.ডি.ও এর সদস্য মাহমুদুল হাসান জিবা, র্স্বানালী তাবাচ্ছুম মালা, আজমির ইয়াসমিন, জলি আক্তার, জিহাদ হোসেন, তন্ময় হাসান রাজ, আয়েসা খাতুন প্রমুখ।

জীবননগরে দুই কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

জীবননগরে দুই কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক হয়েছে।

গত মঙ্গলবার রাতে জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলামের নিদেশে জীবননগর থানার এ এস আই কামররুজ্জামান, এ এস আই হাবিব সঙ্গীয় ফোর্স নিয়ে নারায়নপুর গ্রামে অভিযান চালায়।

এ সময় নারায়নপুর গ্রামের মজনুর রহমানের ছেলে শাহ আলম কিরন (২৫) এবং একই গ্রামের মৃত নেয়ামত মন্ডলের ছেলে বশির উদ্দিন বছেরকে আটক করে।

এ সময় তাদেও কাছ থেকে ২ কেজি গাঁজা ও গাঁজা বিক্রি করার নগদ ২ হাজার ২’শ টাকা পাওয়া যায়।

এ ব্যাপারে জীবননগর থানায় একটি মাদকদ্রব্য আইনে মামলা হয়েছে।

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গায় নতুন করে ২০ জন করোনায় আক্রান্ত

চুয়াডাঙ্গায় নতুন করে আরও ২০ জন করোনা রোগী সনাক্ত হয়েছে। গতকাল বৃহস্পতিবার এ তথ্য নিশ্চিত করেন চুয়াডাঙ্গা সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান।
এ নিয়ে জেলায় মোট করোনা আক্রান্ত হলেন ৪৯০ জন।

নতুন ২০ জনের মধ্যে সদরে ১৪ (রেল পাড়া-১, দৌলতদিয়াড় আলোকদিয়া- ১, বিদ্যুৎ অফিস-২, ফেরীঘাট রোড-১, হক পাড়া-১, বাজার পাড়া-১, বড় বাজার পাড়া-২, কোর্ট পাড়া-১, ফার্ম পাড়া-৩, মল্লিক পাড়া-১) জন।

আলমডাঙ্গা উপজেলায় ৩ (রথতলা-২, ক্যানাল পাড়া-১) ও দামুড়হুদা উপজেলায় ৩ (ইসলাম বাজার দর্শনা-০১, মাদ্রাসা পাড়া-০১, উজিরপুর-০১, লোকনাথপুর হাউলি-০১) জন।
এ ছাড়াও ফলোআপ পজেটিভ এসেছে ১টি। তিনি হলেন দামুড়হুদা উপজেলার উজিরপুরের।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় মহিলা নিহত

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় ১ মহিলা নিহত হয়েছে। গুরুতর আহত হয়েছে আরও একজন। গতকাল বৃহস্পতিবার সকাল ৮ টার সময় চুয়াডাঙ্গা- হাটবোলিয়া সড়কের ভাংবাড়িয়া মাঠে ওই দুর্ঘটনা ঘটে।

নিহত তহিমা আক্তার (৪৫) মেহেরপুর জেলার গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের ফাকের হোসেনের মেয়ে। আহত আলমসাধু চালক মহব্বত আলী নগরবোয়ালিয়া গ্রামের মৃত আইয়ুব হোসেনের ছেলে। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন মহব্বত আলীর অবস্থা সংকটাপন্ন।

জানা গেছে, গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের ফাকের হোসেনের মেয়ে তহিমা আক্তার আসমানখালী থেকে আলমসাধু যোগে হাটবোয়ালিয়ায় আসছিল।

আলমসাধুটি ভাংবাড়িয়া মাঠে পৌছালে পেছন থেকে একটি বালু ভর্তি ট্রাক সজোরে ধাক্কা দেয়। আলমসাধুটি উল্টে পড়ে। ঘটনাস্থলেই তহিমা মারা যান। গুরুতর আহত হন চালক মহব্বত।

রক্তাত্ব মহব্বতকে স্থানীয়রা হারদী হাসপাতালে নিয়ে যায়। তার অবস্থা খারাপ হওয়ায় চিকিৎসক কুষ্টিয়া সদর হাসপাতালে রেফার্ড করেন। মহব্বতের শারীরিক অবস্থা আরও সংকটাপন্ন হলে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

আলমডাঙ্গায় ৪ দোকানে দুর্ধর্ষ চুরি

আলমডাঙ্গার হাউসপুরে ৪ ব্যবসা প্রতিষ্ঠানে টিন কেটে দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে। ৯২ হাজার টাকা চুরি করে নিয়েছে একটি চোরচক্র। বুধবার দিবাগত রাতে ৪ প্রতিষ্ঠানে চুরির ঘটনা ঘটে।

জানা গেছে, সোহাগ এন্টার প্রাইজের সিসি টিভি’র ফুটেজে দেখা যায় গতকাল রাত ৩ টা ৯ মিনিটে চোর প্রতিষ্ঠানটি ঢুকে ক্যাশবাক্সের তালা ভাঙ্গা চেস্টা করছে। এসময় সিসি ক্যামেরায় চোখ পড়লে একটু আড়ালে গিয়ে মাথায় গামসা দিয়ে সিসিটিভি লাইন বিচ্ছিন্ন করে দেয়।

চোরচক্র হাউসপুর ব্রীজ মোড়ে অবস্থিত আশরাফুল ইসলামের লেদের দোকান আশরাফ ইঞ্জিনিয়ারিং মেশিনারাজি থেকে ৫০ হাজার টাকা, ইমারত হোসেনের আড়ৎ জুয়েল ট্রেডার্স থেকে ২০ হাজার ,এবিএম সোহাগ হোসেনের দোকান সোহাগ এন্টারপ্রাইজ থেকে ২২ টাকা নিয়ে যায়। চোরেরা হারুন-অর-রশিদদের রাসায়ানিক সারের গোডাউনে ঢুকলেও কোনকিছু নিতে পারেনি।

বড়বড় প্রতিষ্ঠানের চুরির ঘটনায় সাধারণ দোকানীরা আতংকে আছেন। তবে চোর ধরতে মরিয়া হয়ে পড়েছে দোকানীরা। এ ব্যাপারে থানায় সাধারণ ডায়েরী করা হয়েছে।

আলমডাঙ্গায় প্রায় কোটি টাকা ব্যয়ে মডেল মসজিদের ভিত্তি প্রস্তর উদ্বোধন

আলমডাঙ্গায় ১১ কোটি ৯৬ লাখ টাকা ব্যয়ে মডেল মসজিদের ভিত্তি প্রস্তর উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরের চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগ সভাপতি সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন উদ্বোধন করেন।

মডেল মসজিদের ভিত্তি প্রস্তর উদ্বোধনের এ সময় উপস্থিত ছিলেন ইসলামিক ফাউন্ডেশন এর উপ-পরিচালক রবিউল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা লিটন আলী, গণপূর্তের উপ-সহকারী প্রকৌশলী শফিক আহামেদ, চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগ এর যুগ্ন-সাধারন সম্পাদক রিয়াজুল ইসলাম
জোয়ার্দ্দার টোটন, সাংঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু,

কোষাধ্যক্ষ সংশ্লিষ্ট কাজের ঠিকাদার আলী রেজা সজল, উপজেলা ভাইস-চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, উপজেলা আওয়ামীলীগ এর ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সাংগঠিনক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুন,

পৌর আওয়ামীলীগ সভাপতি দেলোয়ার হোসেন ,পৌর আওয়ামীলীগ এর সাবেক সভাপতি আবু মূসা, কুমারী ইউনিয়ন আওয়ামীলীগ সভাপতি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, বেলগাছী ইউনিয়ন আওয়ামীলীগ এর সাধারন সম্পাদক মাহমুদ হাসান চঞ্চল, আলমডাঙ্গা সরকারি ডিগ্রী কলেজের সভাপতি আশরাফুল হক, ছাত্রলীগ নেতা হাসান, সাকিব, রকি প্রমুখ।

আলমডাঙ্গায় একদিনের মাথায় আরও একজনের করোনায় মৃত্যু

আলমডাঙ্গায় একদিনের মাথায় আরও একজনের করোনা উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে। বুধবার (২২ জুলাই) দিবাগত রাত ১২ টায় টুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

মৃত মকবুল হোসেন (৮০) কলেজপাড়ার মৃত এনাম আলীর ছেলে ও পৌর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আলম হোসেনের পিতা। শহরের প্রসিদ্ধ ‘মকবুল ক্লথ স্টোর‘র স্বত্তাধিকারী ছিলেন তিনি।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার হাদি জিয়াউদ্দিন আহমেদ বলেন, মৃত মকবুল হোসেনের জ্বর ও শ্বাসকষ্টসহ করোনার অনেকগুলো উপসর্গ ছিল। তার নমুনা সংগহ্র করা হয়েছে। তিনি জানান, এ নিয়ে আলমডাঙ্গায় করোনা উপসর্গে মারা গেলেন চারজন। করোনাভাইরাসে মারা গেছেন একজন। মোট আক্রান্তের সংখ্যা ১০৫ জন।

জানা গেছে, মকবুল হোসেন কিছুদিন যাবৎ বয়সজনিত নানা সমস্যায় ভুগছিলেন। এরমধ্যে তার জ্বর ও শ্বাসকষ্ট দেখা দেয়। অবস্থা খারাপের দিকে গেলে তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই তিনি বুধবার দিবাগত রাত ১২ টার দিকে মারা যান।

বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা দারুস সালাম ঈদগাহ ময়দানে সরকারী নিয়মানুযায়ী জানাজা শেষে ইসলামী ফাউন্ডেশনের উদ্যেগে দাফন করা হয়। এ সময় জানাজায় অংশ নেন পৌরসভার মেয়র হাসান কাদির গনু, আলম হোসেনসহ পরিবারের সদস্যবৃন্দ।

করোনায় বিপাকে চুয়াডাঙ্গার সাড়ে সাত হাজার গো-খামারী

চলমান করোনা পরিস্থিতিতে দেড় লাখ গবাদিপশু নিয়ে বিপাকে পরেছেন চুয়াডাঙ্গার সাড়ে সাত হাজার খামারী। কোরবানী উপলক্ষে বছর জুড়ে

লালন-পালন করা গবাদিপশু, খামারীদের কাছে গলার কাঁটায় পরিণত হয়েছে। খুচরা ক্রেতা ও বেপারিদের অপেক্ষায় প্রহর গুণছেন ছোট-বড় খামারীর। কোরবানীর ঈদ যতই ঘনিয়ে আসছে খামারীদের কপালে দুশ্চিন্তার রেখাও তত স্পষ্ট হচ্ছে।

চুয়াডাঙ্গা জেলা প্রাণী সম্পদ বিভাগের তথ্য অনুযায়ী, চলতি বছর চুয়াডাঙ্গা জেলায় ১৮ হাজার গরু-মহিষ এবং ৫০ হাজার ছাগল-ভেড়াসহ কোরবানীর পশুর চাহিদা রয়েছে প্রায় ৬৮ হাজার। এর বিপরীতে জেলার সাত হাজার ৩৩৭টি খামারে গবাদিপশু রয়েছে এক লাখ ৫০ হাজার ২১২টি। এর মধ্যে ৩৮ হাজার ৮৪৯টি গরু-মহিষ এবং এক লাখ ১১ হাজার ৩৬৩টি ছাগল-ভেড়া রয়েছে।

গত পাঁচ বছরের পরিসংখ্যান বলছে, প্রতি বছরই চুয়াডাঙ্গা জেলায় কোরবানীর পশুর চাহিদা অনন্ত পাঁচ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সে হিসেবে এ বছর জেলার খামারীদের পশুর সংখ্যাও বেড়েছে। তবে বিশ^ব্যাপি করোনা পরিস্থিতিতে বদলে গেছে সব হিসাব-নিকাশ। খামারের গবাদিপশু বিক্রি হবে না-কি থেকে খামারে তা নিয়ে দুশ্চিতায় খামারীরা।

চুয়াডাঙ্গা সদর উপজেলার নীলমণিগঞ্জ গ্রামের খামারী আবু বক্কর সিদ্দিক জানান, করোনা পরিস্থিতির কারণে কয়েক মাস আগে থেকেই গবাদিপশুর খাবারের দাম বেড়ে যায়। এতে খামারীদের খরচ বেড়েছে। অন্যদিকে করোনা পরিস্থিতির কারণে বেপারী ও খুচরা ক্রেতাদের দেখা মিলছে কালে ভদ্রে। সে হিসাবে এখনও চাহিদা মাফিক বেচাকেনা করতে পারেন-নি জেলার খামারীরা।

প্রাণী সম্পদ বিভাগের মতে, স্থানীয় চাহিদার চেয়ে জেলায় অন্তত আশি হাজার গবাদিপশু বেশি রয়েছে। অন্য বছরের মতো এবছর যদি জেলার পশু সারাদেশে ছড়িয়ে দেয়া না যায়, তবে খামারীরা ক্ষতিগ্রস্ত হবেন। তবে ইতিমধ্যেই জেলা প্রশাসন ও প্রাণী সম্পদ বিভাগ অনলাইন পশুহাটসহ বেশ কিছু পদক্ষেপ নিয়েছেন। যাতে করে খামারীরা তাদের গবাদিপশু বিক্রি করতে পারেন।

চুয়াডাঙ্গা সদর উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. এএইচএম শামিমুজ্জামান বাংলাদেশ প্রতিদিনকে বলেন, করোনা পরিস্থিতির কারণে খামারীরা কিছুটা শঙ্কায় রয়েছেন। তবে জেলা প্রাণী সম্পদ বিভাগ জেলা প্রশাসনের সাথে বেশ কিছু উদ্যোগ নিয়েছে। যাতে খামারীরা তাদের পালিত গবাদিপশু যথাসময়ে এবং সামাজিক দূরত্ব

নিশ্চিত করেই বিক্রি করতে পারেন।

এর মধ্যে অনলাইন পশুহাট পরিচালনা ছাড়াও চলমান হাটগুলোতে প্রাণী সম্পদ বিভাগের কর্মী নিয়োগের মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে স্বাস্থ্যবিধি মেনে সুস্থ পশু বেচাকেনায় সহযোগিতা করা হচ্ছে।

দামুড়হুদায় ওয়ারেন্টভুক্ত আসামী আক্তারুল আটক

দামুড়হুদা থানা পুলিশের ঝটিকা অভিযানে সিআর ওয়ারেন্টভুক্ত আসামী আক্তারুল ইসলাম ওরফে বাবুকে আটক করেছে দামুড়হুদা থানা পুলিশ।

মঙ্গলবার (২১ জুলাই) মধ্যরাতে আটক করেছে পুলিশ। আটককৃত আক্তারুল ইসলাম বাবু দামুড়হুদা উপজেলার চন্দ্রবাস গ্রামের মো: কাদের বিশ্বাসের ছেলে।

পুলিশ সূত্র জানা- গেছে, দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সুযোগ্য পুলিশ অফিসার ইনর্চাজ ওসি মো: আব্দুল খালেক এর নেতৃত্বে এ এসআই সাঈদজ্জামান, এ এস আই মো: মুজিবর রহমান সঙ্গীয় ফোর্সসহ, গোপন সংবাদের ভিত্তিতে নিজ বাড়ী চন্দ্রবাস গ্রামে অভিযান চালিয়ে আটক করেছেন পুলিশ।

আটককৃত আক্তারুল ইসলামের দামুড়হুদা থানার একটি সিআর মামলায় আদালত তাকে ওয়ারেন্টভুক্ত গ্রেফতারী পরোয়ানা দেয়। দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি দল মঙ্গলবার মধ্যরাতে নিজ বাড়ি অভিযান চালিয়ে তাকে আটক করে।

দামুড়হুদা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক জানান।